বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৯.০০৬.০৩.০০.১৩৪.২০১৬-১২৯

তারিখ: ২১ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ। / ০৪ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ২০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সকল উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ২১তম মাসিক সমন্বয় সভা বিগত ২৭ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েব সাইটে (www.badc.gov.bd) পাওয়া যাবে।

০৪.০৪.১৭

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ,বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০২ প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/ নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈল বীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. ওয়েব মাষ্টার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহঃ ব্যক্তিগত কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে বিগত ২৭ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২১তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	২৭ মার্চ ২০১৭; সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (সমন্বয়) বিগত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০তম মাসিক সমন্বয় সভার গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত।	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভাকে অবহিত করা হয়, রাজস্ব বাজেটভুক্ত গাড়ী চালক ২৪টি, ট্রাক ড্রাইভার ৩০টি, স্পীড বোট ড্রাইভার ০২ টি, ট্রাক্টর ড্রাইভার ২৭টি মোট ৮৩টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে। চতুর্থ শ্রেণির পিয়ন পদে ২০১ টি এবং দারোয়ান গার্ড পদে ২৩০টি সহ মোট ৪৩১ টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে। আদালতের নিষেধাজ্ঞার কারণে সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) এর ২টি পদে নিয়োগ স্থগিত রাখা হয়েছে। আদালতের নিষেধাজ্ঞার কারণে উপসহকারী পরিচালকের ৬৫টি পদের নিয়োগের লিখিত পরীক্ষা স্থগিত করা হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণিভুক্ত ১০ ক্যাটাগরির পদে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য IBA কে পত্র প্রেরণ করা হয়েছে। সহকারী ক্যাশিয়ার ১২৮টি,	ক.বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। খ. মামলাজনিত কারণে স্থগিতকৃত সকল নিয়োগের তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। গ. সংস্থার অনুমোদিত জনবলের বিপরীতে কর্মরত ও শূন্য পদের তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ/ সংস্থাপন বিভাগ/ আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		গুদামরক্ষক ১১৫ টি, সহকারী পরিচালক(কৃষি) ৫৬ টি, সহকারী প্রশাসনিক কর্মকর্তা ৫৫ টি, সহকারী ভান্ডার কর্মকর্তা ০৫টি, মার্কেটিং সুপারভাইজার ০৫টি, কার্য সহকারী ১৫টি, ক্যাটালগার ৩টি ও সহকারী ফিল্ডম্যান ১৩ টি সহ মোট ৩৯৫ টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।সভাপতি মহোদয় শূন্য পদের বিপরীতে চলমান নিয়োগ প্রক্রিয়া দ্রুত শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া মামলাজনিত কারণে সকল স্থগিতকৃত নিয়োগের তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।		
০২.	পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। উপসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত নির্ধারিত ছক সকল বিভাগীয় প্রধান বরাবর প্রেরণ করা হয়েছে। সভাপতি পূর্বে প্রেরিত নির্ধারিত ছকের পরিবর্তে সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর নির্ধারিত ছক বিভাগীয় প্রধানগণ বরাবর প্রেরণের জন্য উপসচিব (সমন্বয়) কে নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল বিভাগীয় প্রধানকে উক্ত ছক মোতাবেক পেন্ডিং চিঠিপত্র সম্পর্কে তথ্যাদি সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।	ক. পেন্ডিং চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল চিঠিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি দপ্তরে প্রেরণ করতে হবে। খ. পেন্ডিং চিঠিপত্র সংক্রান্ত তথ্য সকল বিভাগীয় প্রধানদের মাসিক সমন্বয় সভার পূর্বে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্ধারিত ছক মোতাবেক সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/সমন্বয় বিভাগ।
০৩.	আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত।	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে বিএডিসি'র ৫৪৮টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আপিল বিভাগে বিচারাধীন মামলা ১২৪টি, হাইকোর্ট বিভাগে ৩২৫টি, ঢাকা জেলা জজ ও অধীনস্ত আদালতে ৯৯টি মামলা বিচারাধীন রয়েছে। মামলাসমূহের মধ্যে চাকুরি হতে স্বেচ্ছাবসর সংক্রান্ত ১০১টি, অব্যাহতি সংক্রান্ত ৫৪টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত ৩৪টি, জমির মালিকানা ও গুদামের দখল সংক্রান্ত ৪৯টি, বিভাগীয় দন্ডাদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত ৫৯টি। এছাড়াও ঢাকার বাহিরে বিভিন্ন আদালতে ১৮২ টি	বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		মামলা বিচারাধীন রয়েছে। সভাপতি মহোদয় মাসিক সমন্বয় সভায় আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।		
০৪.	বিভাগীয় মামলা সংক্রান্ত।	এ বিষয়ে আলোচনাকালে যুগ্মসচিব (সংস্থাপন) সভাকে অবহিত করেন যে, বর্তমানে বিএডিসি'র ৫১টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সংস্থাপন বিভাগ।
০৫.	বিএডিসি'র সার গুদামসমূহের মনিটরিং সংক্রান্ত।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মনিটরিং বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সার গুদামসমূহ মনিটরিং করার জন্য নতুন করে কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক সার গুদাম পরিদর্শন অব্যাহত আছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সার গুদামসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান, বরাবর প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সার গুদামসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান, বিএডিসি বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।	মনিটরিং বিভাগ।
০৬.	বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিপত্র অপসারণ সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভাকে জানানো হয় যে, বিএডিসি'র নথিপত্র সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিপত্র অপসারণ এর বিষয়ে ক্রয় বিভাগ, হিসাব বিভাগ, অর্থ বিভাগ, সংস্থাপন বিভাগ এবং অডিট বিভাগ এর কার্যক্রম দ্রুত শেষ করার জন্য তাগিদ পত্র প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিপত্র অপসারণ এর বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সুবিন্যস্তকরণপূর্বক পুরাতন নথিপত্র অপসারণ করতে হবে। কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিপত্র অপসারণ বিষয়ক অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/ সওব্য বিভাগ।
০৭.	বিএডিসি'র কর্মচারিদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক প্রদান সহজীকরণ সংক্রান্ত।	সংস্থাপন বিভাগ হতে সভায় জানানো হয়, পূর্বের প্রচলিত নিয়মে আনুতোষিক প্রদান অব্যাহত আছে। অর্থ বিভাগ হতে জানানো হয়, ফেব্রুয়ারি ২০১৭ মাসে ৭৬ জন কর্মচারিকে আনুতোষিক প্রদান করা হয়েছে সভাপতি মহোদয় বিএডিসি'র কর্মচারিদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। চলতি ২০১৬-১৭ অর্থ বছরে এ খাতে বাজেটের অপর্যপ্ততার বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। চলতি অর্থ বছরে এ	পি আর এল পরবর্তী আনুতোষিক পূর্বের প্রচলিত নিয়মে প্রদান করতে হবে। প্রতিমাসে আনুতোষিক প্রদানের তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	অর্থ বিভাগ/ সংস্থাপন বিভাগ/অডিট বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		খাতে বাজেট অপর্যাপ্ত হলেও এ সংক্রান্ত নথি প্রস্তুত হলে তা মহাব্যবস্থাপক (অর্থ) এর দপ্তরে প্রেরণ করতে হবে। পরবর্তীতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক নথিসমূহ নিষ্পত্তি করতে হবে।		
০৮.	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে, সংস্থার ১২৬টি অকেজো গাড়ির মধ্যে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত মোট ৪২টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। ৮৪ টি গাড়ি নিলামে বিক্রয়ের প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৯.	বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ফেব্রুয়ারি ২০১৭ মাসে ১৬০টি পত্র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ করার নিমিত্ত মনিটরিং বিভাগ কর্তৃক চাহিদাকৃত প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য সকল বিভাগীয় প্রধানকে নির্দেশনা প্রদান করেন।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/ মনিটরিং বিভাগ।
১০.	কৃষি ভবন হতে মাঠ পর্যায়ে যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল এর মাধ্যমে চিঠিপত্র আদান-প্রদান সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে জানানো হয়েছে, নিজস্ব ব্যবস্থাপনায় মাঠ পর্যায়ে চিঠিপত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে চিঠিপত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-
১১.	সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক গ্রুপে অন্তর্ভূক্ত সংক্রান্ত।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, এডমিন কর্তৃক যাচাই-বাছাই করে গ্রুপে অর্ন্তভুক্তকরণ এবং পোষ্টসমূহ প্রকাশ করা হচ্ছে। আইসিটি সেল হতে জানানো হয়েছে, শুধুমাত্র সার ব্যবস্থাপনা বিভাগ হতে ১২টি পেজ লিংক পাওয়া গেছে। আইসিটি সেল হতে জানানো হয়েছে, শুধুমাত্র সার ব্যবস্থাপনা বিভাগ হতে ফোকাল পয়েন্টের নাম পাওয়া গেছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সকল কর্মচারিকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক গ্রুপে অন্তর্ভূক্ত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১২.	কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত আছে। আগামী ২-৫ এপ্রিল ২০১৭ তারিখে পরবর্তী ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। ২৩ মার্চ ২০১৭ পর্যন্ত ই-ফাইলিং অগ্রগতি স্ব উদ্যোগে নোট: ২৩৩টি, ডাক/পত্র হতে সৃজিত নোট: ৯৬ টি এবং পত্রজারীর সংখ্যা: ৫৭টি। সভাপতি মহোদয় কৃষি ভবনে ই-ফাইলিং চালু করার নিমিত্ত সকল কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগসমূহে দ্রুত ই-ফাইলিং চালু করতে হবে। ই-ফাইলিং সংক্রান্ত অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ/ সংশ্লিষ্ট বিভাগ।
১৩.	আইসিটি সেলের বিভিন্ন সমস্যা সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, গত ০৩ বছরের সমাপ্ত প্রকল্পসমূহের কম্পিউটার সামগ্রির তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে, কৃষি ভবনের তৃতীয় তলায় কমন স্পেসসহ মোট ১৯১১ বর্গফুট সাইজের পূর্ব দক্ষিণের কক্ষটি বরাদ্দ প্রদান করা হয়েছে। সংস্থার সচিব সভাকে অবহিত করেন যে, সংস্থার আইসিটি ল্যাবে ব্যবহৃত কম্পিউটারসমূহ অনেক পুরনো মডেলের। এ গুলো আধুনিকীকরণ করা প্রয়োজন। সভাপতি মহোদয় আইসিটি সেলের কম্পিউটার সংক্রান্ত সমস্যা নিরসনে নিজস্ব অর্থায়নে একটি প্রকল্প প্রণয়নের এপর গুরত্বারোপ করেন।	আইসিটি সেলের কম্পিউটার সংক্রান্ত সমস্যা নিরসনে নিজস্ব অর্থায়নে একটি প্রকল্প প্রণয়ন করতে হবে।	মনিটরিং বিভাগ।
১৪.	কৃষি ভবনে বহিরাগতদের অবাধ যাতায়াত নিয়ন্ত্রণ সংক্রান্ত।	সভায় জানানো হয়, সিদ্ধান্ত মোতাবেক কৃষি ভবনের মূল ফটকে সিসি ক্যামেরা স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) কৃষি ভবনের গ্যারেজে ২টি সিসি ক্যামেরা এবং সহকারী সচিব (নিরাপত্তা) এর কক্ষে একটি প্যারালাল ডিসপ্লে মনিটর স্থাপনের প্রস্তাব করেন। সভাপতি মহোদয় উক্ত প্রস্তাব সর্মথন করেন। কৃষি ভবনের গ্যারেজে ২টি সিসি ক্যামেরা এবং সহকারী সচিব (নিরাপত্তা) এর কক্ষে একটি প্যারালাল ডিসপ্লে মনিটর স্থাপনের জন্য সভাপতি প্রকল্প পরিচালক (সার) কে নির্দেশনা প্রদান করেন।	"বিএডিসি'র বিদ্যমান সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ ও সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্প হতে কৃষি ভবনের গ্যারেজে অতিরিক্ত ২টি সিসি ক্যামেরা এবং সহকারী সচিব (নিরাপত্তা) এর কক্ষে একটি প্যারালাল ডিসপ্লে মনিটর স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ সাধারণ পরিচর্যা বিভাগ।
১৫.	কৃষি ভবনের অগ্নি নিরাপত্তা বৃদ্ধি ও ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনে ফায়ার এলার্ম সিস্টেম (Exit light সহ) চালু করার জন্য ৫.০০ লক্ষ টাকার প্রাক্কলন তৈরি করে অর্থ বিভাগে	ক. কৃষি ভবনের অগ্নি নিরাপত্তা বৃদ্ধির জন্য ফায়ার এলার্ম সিস্টেম (Exit light সহ) দ্রুত চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্মাণ বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		বাজেট বরাদ্দের জন্য প্রেরণ করা হয়েছিল। বাজেট সীমিত/বাজেট স্থিতি না থাকার কারণে অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দ পাওয়া যায়নি। বাজেট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। কৃষি ভবনে ২টি ডিজিটাল ডিসপ্লে বোর্ড ((kiosk) স্থাপন এর নিমিত্ত (১.৫০×২) ৩.০০ লক্ষ টাকার প্রাক্কলন তৈরি করা হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। সভাপতি কৃষি ভবনে অগ্নি নিরাপত্তা এবং ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য প্রধান প্রকৌশলী (নির্মাণ)কে নির্দেশনা প্রদান করেন।	খ. কৃষি ভবনে ডিজিটাল ডিসপ্লে বোর্ড (kiosk) স্থাপন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	
১৬.	বিএডিসি স্টাফ কোয়ার্টারে ডিজিটাল মিটার স্থাপন সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, নির্মাণ বিভাগের বিদ্যুৎ শাখার সহকারী প্রকৌশলী ও সহকারী প্রধান প্রকৌশলী ডেসকোর নির্বাহী প্রকৌশলীর অফিসে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তাগিদ প্রদান করেছেন। ডেসকো হতে জানানো হয়েছে, সমঝোতা স্মারক যথাশীঘ্র চূড়ান্ত করা হবে । বিএডিসি স্টাফ কোয়ার্টারে ডিজিটাল মিটার স্থাপন এর নিমিত্ত ডেসকোর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি মহোদয় নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি স্টাফ কোয়ার্টারে ডিজিটাল মিটার স্থাপন এর নিমিত্ত ডেসকোর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	নির্মাণ বিভাগ।
১৭.	কৃষি ভবন ও বিএডিসি'র আওতায় নির্মাণাধীন/সংস্কারাধীন ভবনের উপর সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি কর্তৃক প্রণীতব্য সকল প্রকল্প/কর্মসূচিতে নির্মাণ/সংস্কার কাজের সাথে সংশ্লিষ্ট ভবনের উপর সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখার জন্য নির্মাণ বিভাগ হতে নির্দেশনা জারি করা হয়েছে। বিএডিসি'র সেচ ভবনের উপর সেচ প্রকল্প এর মাধ্যমে সোলার প্যানেল স্থাপন এর সিদ্ধান্ত প্রদান করেন।	নিষ্পন্ন।	-
১৮.	বিএডিসি'র সেচ ভবনে রেস্ট হাউস স্থাপন সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) মহোদয় সেচভবন পরিদর্শন করে উক্ত ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত প্রাক্তন আইএপিপি প্রকল্পের Decoration ৫ম তলায় স্থানান্তর করে তথায় রেস্ট হাউস নির্মাণের নির্দেশনা প্রদান করেন। সে অনুযায়ী একটি খসড়া প্লান	বিএডিসি'র সেচ ভবনে রেস্ট হাউস স্থাপন এর নিমিত্ত যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।	নির্মাণ বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		প্রস্তুত করা হয়েছে। উক্ত প্লান কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ও বাজেট প্রাপ্তি সাপেক্ষে রেস্ট হাউস নির্মাণ করা হবে। সভাপতি বিএডিসি'র সেচ ভবনে রেস্ট হাউস স্থাপন এর নিমিত্ত যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।		
১৯.	নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিকদের নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করতে হবে।	সকল বিভাগীয় প্রধান।
২০.	কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন ও স্টাফ কোয়ার্টার পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয় যে, কৃষি ভবন ও স্টাফ কোয়ার্টার পরিস্কার পরিচ্ছন্নতা রাখার বিষয়ে যথাযথ পদক্ষেপ অব্যাহত রয়েছে। বিভিন্ন বিভাগ হতে জানানো হয়েছে, পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, আগামী অর্থ বছরে আবাসন ভবন মেরামতের বার্ষিক ক্রয় পরিকল্পনায় বিষয়টি অর্ন্তভুক্ত করে বাস্তবায়ন করা হবে।	ক.কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন ও স্টাফ কোয়ার্টার পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সকল বিভাগীয় প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর নিয়মিত তদারকি করবেন। খ. বিএডিসি'র স্টাফ কোয়ার্টারে একটি Walk way নির্মাণ করতে হবে।	সকল বিভাগীয় প্রধান এবং সাধারণ পরিচর্যা বিভাগ/নির্মাণ বিভাগ।
২১.	বিএডিসি'র চল্লিশ বছর উর্ধ্ব কর্মচারিদের এসিআরে স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন সংক্রান্ত;	সভাপতি মহোদয় বিএডিসি চল্লিশ বছর উর্ধ্ব কর্মচারিদের স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। বিএডিসি'র চল্লিশ বছর উর্ধ্ব কর্মকর্তাদের নির্ধারিত ফি জমা দিয়ে ইসিজি ও ব্লাড সুগার পরীক্ষা করে এসিআর দেয়ার জন্য প্রধান চিকিৎসককে নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিএডিসি'র চিকিৎসকদের পরামর্শক্রমে এসিআরের অন্যান্য পরীক্ষাগুলো সরকারি হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টারে পরীক্ষা করে এসিআরে প্রতিবেদন দেয়ার জন্য চিকিৎসা কেন্দ্রকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র চল্লিশ উর্ধ্ব কর্মচারিদের নির্ধারিত ফি জমা দিয়ে ইসিজি (১০০ টাকা) ও ব্লাড সুগার (৪৫ টাকা) পরীক্ষা করে এসিআর নিতে হবে। বিএডিসি'র চিকিৎসকদের পরামর্শক্রমে এসিআরের অন্যান্য পরীক্ষাগুলো সরকারি হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টারে পরীক্ষা করে এসিআর নিতে হবে।	চিকিৎসা কেন্দ্র।
২২.	বিএডিসি'র কর্মচারিদের কর্মবন্টন সংক্রান্ত।	সভায় বিভিন্ন বিভাগ হতে জানানো হয়, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কৃষি ভবনে বিভিন্ন দপ্তর/বিভাগসমূহের কর্মচারিদের কর্মবন্টন প্রণয়নপূর্বক তা সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের কক্ষসমূহে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে সভাপতি	কৃষি ভবনে বিভিন্ন দপ্তর/বিভাগসমূহের কর্মচারিদের কর্মবন্টন প্রণয়নপূর্বক তা সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের কক্ষসমূহে প্রদর্শন এবং সংশ্লিষ্ট কর্মচারি সম্মুখে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		মহোদয় পুনরায় নির্দেশনা প্রদান করেন।		
২৩	বিএডিসি সপ্তাহ পালন সংক্রান্ত।	বিএডিসি'র কার্যক্রম প্রচার ও প্রসার এর লক্ষ্যে যুগ্মসচিব (নিয়োগ ও কল্যাণ) প্রতি বছর বিএডিসি সপ্তাহ পালনের জন্য প্রস্তাব করেন। বিএডিসি'র কার্যক্রম প্রচার ও প্রসার এর লক্ষ্যে সভাপতি মহোদয় বিএডিসি সপ্তাহ পালনের পরিবর্তে ১৬ অক্টোবর তারিখ বিএডিসি দিবস পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি সপ্তাহ পালনের পরিবর্তে ১৬ অক্টোবর তারিখ বিএডিসি দিবস পালন ~~করতে হবে~~। করা হবে।	জনসংযোগ বিভাগ।
২৪.	কৃষি ভবনে সংস্কার সংক্রান্ত।	কৃষি ভবনের কক্ষসমূহ সংস্কার এর বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন। কৃষি ভবনের ভেতরে বিভিন্ন ফ্লোর/কক্ষসমূহ সংস্কার এর প্রয়োজন হলে সেক্ষেত্রে চেয়ারম্যান,বিএডিসি এর অনুমতি নেয়ার নির্দেশনা প্রদান করেন। সংস্থার সচিব সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে একটি পরিপত্র জারি করা হয়েছে। সভাপতি মহাদয় জারিকৃত পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের অভ্যন্তরে বিভিন্ন ফ্লোর/ কক্ষসমূহ সংস্কার এর ক্ষেত্রে চেয়ারম্যান মহোদয়ের অনুমতি নিতে হবে।	সকল বিভাগীয় প্রধান/নির্মাণ বিভাগ।
২৫.	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন সংক্রান্ত।	সভায় এগ্রো সার্ভিস সেন্টার বিভাগ হতে জানানো হয়, এএসসি ও উদ্যান উন্নয়ন বিভাগের সমন্বয়ে কমিটি গঠন করে কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সভাপতি মহোদয় কৃষি ভবনের ছাদে পরিবেশ বান্ধব বাগান সৃজন এর বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ/পরামর্শ অব্যাহত রাখা এবং এ কাজে নির্মাণ বিভাগের একজন উপযুক্ত প্রকৌশলীকে অন্তর্ভুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বীজ ও উদ্যান উইংকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ/পরামর্শ অব্যাহত রাখতে হবে।	উদ্যান উন্নয়ন বিভাগ/এগ্রো সার্ভিস সেন্টার
২৬.	পরিকল্পনা ও মনিটরিং বিভাগ পুনর্বিন্যাস সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে জানানো হয়, সাধারণ পরিচর্যা বিভাগ হতে বরাদ্দ দেয়া হলে বাজেট প্রাপ্তি সাপেক্ষে নির্মাণ বিভাগ হতে ব্যবস্থা নেয়া হবে। সভাপতি মহোদয় পরিকল্পনা ও মনিটরিং বিভাগের জায়গা সংকট নিরসনে কৃষি ভবনের ২য় তলায় পরিকল্পনা বিভাগ, মনিটরিং বিভাগকে (আইসিটি সেল সহ) পুনর্বিন্যাস করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	পরিকল্পনা ও মনিটরিং বিভাগের জায়গা সংকট নিরসনে কৃষি ভবনের ২য় তলায় পরিকল্পনা বিভাগ, মনিটরিং বিভাগকে (আইসিটি সেল সহ) পুনর্বিন্যাস করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ/নির্মাণ বিভাগ।

বিবিধঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	বিএডিসি'র ট্রেনিং ইনস্টিটিউটে বাজেট বরাদ্দ সংক্রান্ত।	সভায় সংস্থার সচিব মহোদয় বিএডিসি'র কর্মচারিদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত বিএডিসি'র ট্রেনিং ইনস্টিটিউটে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। সভাপতি মহোদয় বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউটে বাজেট বরাদ্দের বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি মহোদয় বিএডিসি'র কর্মচারিদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউটে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কর্মচারিদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউটে প্রয়োজনীয় বাজেট প্রদান করতে হবে।	অর্থ বিভাগ।
০২.	কৃষি ভবনের অভ্যন্তরে ধূমপানের ওপর মতামত প্রদান সংক্রান্ত।	সভায় মহাব্যবস্থাপক (অর্থ) কৃষি ভবনের অভ্যন্তরে ধুমপান নিয়ন্ত্রনের বিষয়ে প্রস্তাব করেন। উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাব সর্মথন করেন। সভাপতি মহোদয় কৃষি ভবনের অভ্যন্তরে ধুমপান এর ওপর মতামত আহবানের জন্য নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের অভ্যন্তরে ধূমপান নিয়ন্ত্রনের ওপর মতামত আহবানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংস্থাপন বিভাগ ও চিকিৎসা কেন্দ্র।
০৩.	কৃষি ভবনের গ্যারেজের পানির পাইপ লাইন মেরামত সংক্রান্ত।	সভায় মহাব্যবস্থাপক (তদন্ত) কৃষি ভবনের গাড়ি রাখার গ্যারেজে পানির পাইপ মেরামতের বিষয়ে গুরত্বারোপ করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের গ্যারেজে পানির পাইপ লাইন মেরামত এর নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্মাণ বিভাগ।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৪/১৭

মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, বিএডিসি ও
সভাপতি মাসিক সমন্বয় সভা।

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

সমন্বয় বিভাগ

২৭ মার্চ ২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত উইং ও বিভাগীয় প্রধানদের অভ্যন্তরীণ ২১তম মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	স্বাক্ষর
১.	মো: আনোয়ারুল ইসলাম	সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ)	[illegible] 27/3/2017
২.	মো: মাহফুজুল হক	মহাপরি (অর্থ)	[illegible] 27/3/17
৩.	তুলসী রঞ্জন সাহা	সচিব, বিএডিসি	[illegible] 27.3.17.
৪.	ড. মোশাররফ হোসেন	[illegible]	[illegible] 27.3.17
৫.	মুহাম্মদ [illegible]	মহাব্যবস্থাপক (বীজ)	[illegible] 27/3/17
৬.	মো: নূর নবী সরদার	মহাব্যবস্থাপক (সংস্থাপন)	[illegible] 27/3/17
৭.	মো: আ: ছাত্তার গাজী	প্রধান (মনিটরিং)	[illegible] 27.3.17
৮.	মো: ইকবাল হোসেন	অতি: মহা ব্যবস্থাপক (সিভিল [illegible])	[illegible] 27/3/17
৯.	মো: আবুল কালাম আজাদ	উপসচিব (সংস্থা)	[illegible] 27/3/17
১০.	মোহাম্মদ মনিরুল ইসলাম	যুগ্মসচিব (প্র: প:)	[illegible] 27/3/17
১১.	মোহাম্মদ জসিম উদ্দিন	প্রকল্প পরিচালক (ডাল ও তৈলবীজ)	[illegible] 27/3/17
১২.	মো: মিজানুর রহমান	যুগ্মসচিব (নিরীক্ষা)	[illegible] 27/3/17
১৩.	মো: মিজানুর রহমান	অতি: মহাব্যবস্থাপক (বীজ)	[illegible] 27/3/17
১৪.	উত্তম কুমার রায়	প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ)	[illegible] 27.3.17

ক্রমিক নং	নাম	পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	স্বাক্ষর
১৫.	মোঃ কামরুদ্দীন	মহাব্যবস্থাপক (ক্রয়)	[signature] 29/6/17
১৬.	কুন্তল মজুমদার	মহাব্যবস্থাপক (অর্থ)	[signature] 29/6/17
১৭.	আহমেদ হাসান আল মাহমুদ	মহাব্যবস্থাপক (তদন্ত)	[signature] 29/6/17
১৮.	মোঃ মাহবুবুর রহমান	অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীমা)	[signature] 29/6/17
১৯.	মোস্তফা [illegible]	ব্যবস্থাপক (উন্নয়ন)	[signature] 29/6/17
২০.	মোঃ আনোয়ার হোসেন	প্রতিনিধি [illegible]	[signature] 29/6/17
২১.	মোঃ জুলফিকার আলী	জনসংযোগ কর্মকর্তা (কে: ম:)	[signature] 29/6/17
২২.	স্বপন কুমার দাস	যুগ্ম-সচিব (সংস্থাপন)	[signature] 29/06/2017
২৩.	খালেদুল মামুন	উপ-পরিচালক (প্রশাসন)	[signature] 29/6/17
২৪.	রাবেয়া আক্তার	উপব্যবস্থাপক (প্রশাসন)	[signature] 29/06/07
২৫.	এ. কে. এম. নুরুল ইসলাম	কর্মসূচি পরিচালক (হিসাবরক্ষণ)	[signature] 29/06/17
২৬.	মোঃ জয়নুল আবেদীন	উপ-সচিব (কো:/নি:)	[signature] 29/06/17
২৭.	ড. মোঃ জিয়াউল হক	উপব্যবস্থাপক (ক: /প্র:)	[signature] 29/06/17
২৮.	মোহাম্মদ মামুন নোমান	উপব্যবস্থাপক (প্রশাসন) মাঠ ব্যবস্থাপনা বিভাগ	[signature] 29/06/17
২৯.	মোঃ গোলাম রব্বানী	উপসচিব (আইন)	[signature] 29/6/17
৩০.	মো: আসাদুজ্জামান খান	প্রধান নির্বাহী	[signature] 29/6/17.

ক্রমিক নং	নাম	পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	স্বাক্ষর
৩১.	মো: হাফিজুর রহমান	সহ. সচিব (সমন্বয়)	[illegible]
৩২.	মো: শাহিন মিয়া	উপ সচিব (সমন্বয়) ভ: দা:	[illegible] ২৭.০৬.১৭
৩৩.	শিউলি বেগম	সহকারী সচিব (সমন্বয়)	[illegible] ২৭.০৬.১৭
৩৪.			
৩৫.			
৩৬.			
৩৭.			
৩৮.			
৩৯.			
৪০.			
৪১.			
৪২.			
৪৩.			
৪৪.			
৪৫.			
৪৬.			